

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
www.publiclibrary.gov.bd

স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.১৬৪.১৩- ৩১৫৫

তারিখ: ০১/০৬/২৬

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ সহিদুল হক, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী গত ০১.০২.২০২৬ তারিখে নং-৪৩.২৬.৭৩০০.০০০.৯৯.০০২.১৯.৭/১(১) সংখ্যক স্মারকে জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী এর নিরাপত্তা প্রহরী জনাব মোঃ ইমদাদুল হক ২০.১২.২০২৫ তারিখ থেকে অদ্যবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে তথ্য প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।


যেহেতু, আপনি পরবর্তীতে চিঠিতে উল্লেখ করেছেন জনাব মোঃ ইমদাদুল হক পারিবারিক কলহের কারণে পুলিশ হেফাজতে আছেন। দীর্ঘদিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনি তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেন নি, এমনকি উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি অবগত করেননি, যা কর্তব্যে চরম অবহেলার সামিল।

যেহেতু, আপনি মোঃ সহিদুল হক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারীর প্রশাসনিক কর্মকর্তা (অবঃ) জনাব মোঃ শফিকুল ইসলাম- এর নিকট থেকে গত ১৫.০৭.২০২৫ তারিখে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ধার নিয়ে অদ্যবধি পরিশোধ করেননি (কপি সংযুক্ত)।

যেহেতু, আপনি মোঃ সহিদুল হক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারীর প্রশাসনিক কর্মকর্তা (অবঃ) জনাব মোঃ শফিকুল ইসলাম-কে গত ০৯.১১.২০২৫ তারিখে আপনার নামে স্বাক্ষরিত রূপালি ব্যাংক, নীলফামারী শাখার সঞ্চয়ী হিসাব ৪৩২৫০১০০১৭৩১৬, চেক নং SBC-1033620 তে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার চেক প্রদান করেছেন, যা অপরিপূর্ণ তহবিল মর্মে স্বাক্ষর লিপিসহ ব্যাংক কর্তৃক ফেরত প্রদান করেছে মর্মে তিনি মহাপরিচালক বরাবর প্রেরিত পত্রে তথ্য প্রমাণসহ উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)। আপনার এহেন আচরণ, কার্যকলাপ অসদাচরণ হিসেবে প্রতীয়মান হয়।

যেহেতু, আপনার উপরোক্ত আচরণ একজন সরকারি কর্মকর্তার জন্য অশোভনীয় আচরণ এবং সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী, যা সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) (আ) মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য।

সেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮-এর ৩ (খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে অভিযুক্ত করে উক্ত বিধির আলোকে কেন আপনাকে যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক জবাব দেয়ার নির্দেশ দেয়া হলো।


(মোছা: মরিয়ম বেগম)
পরিচালক
প্রশাসন ও হিসাব

মোঃ সহিদুল হক
সহকারী লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী

স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.১৬৪.১৩- ৬১৮৮

তারিখ: ০২/০৬/২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৩। অফিস কপি।

বিস্তারিত
০২/০৬/২০২৬
(মোঃ হাবিবুল রশীদ)
সহকারী পরিচালক
(প্রশাসন-২)